

# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৭৪

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩১৮, রমাযান মাসের ক্লিয়াম সম্পর্কে

باب فِي قِيَامِ شَهْرِ رَمَضانَ

### আরবী

حَدَّثَنَا هَنَّادُ بْنُ السَّرِيِّ، حَدَّثَنَا عَبْدَةُ، عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرِو، عَنْ مُحَمَّدِ بْنِ إِبْرَاهِيمَ، عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ عَائِشَةَ، قَالَتْ: كَانَ النَّاسُ يُصلُّونَ فِي الْمَسْجِدِ فِي رَمَضَانَ أَوْزَاعًا فَأَمَرَنِي رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فَضَرَبْتُ لَهُ حَصِيرًا فَصلَّى عَلَيْهِ بِهَذِهِ الْقِصَّةِ قَالَتْ فِيهِ قَالَ \_ تَعْنِي النَّبِيَّ صلى الله عليه وسلم \_ " أَيُّهَا النَّاسُ أَمَا وَاللهِ مَا بِتُ لَيْلَتِي هَذِهِ بِحَمْدِ اللهِ غَافِلاً وَلَا خَفِي عَلَىَّ مَكَانُكُمْ " .

\_ حسن صحيح

#### বাংলা

১৩৭৪। 'আয়িশাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, লোকেরা রমাযান মাসে মসজিদে বিচ্ছিন্নভাবে সালাত আদায় করতো। আমার প্রতি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর নির্দেশ মোতাবেক আমি তাঁর জন্য একটা মাদুর বিছিয়ে দিলে তিনি তার উপর সালাত আদায় করলেন। অতঃপর বর্ণনাকারী ঘটনাটি বর্ণনা করতে গিয়ে বলেন, অতঃপর নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ হে লোক সকল! আল্লাহর শপথ! আল্লাহর প্রশংসা, আমার রাতটি আমি গাফিলভাবে অতিবাহিত করি নাই এবং তোমাদের অবস্থাও আমার নিকট গোপন থাকেনি।[1]

হাসান সহীহ।

# **English**

#### Narrated 'Aishah:

The people used to pray (tarawih prayer) in the mosque during Ramadan severally. The Messenger of Allah (ﷺ) commanded me (to spread a mat). I



spread a mat for him and he prayed upon it. The narrator then transmitted the same story. The Prophet (ﷺ) said: O People, praise be to Allah, I did not pass my night carelessly, nor did your position remain hidden from me.

# ফুটনোট

[1] আহমাদ (৬/২৬৭) আবূ সালামাহ হতে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন